মেহেরপুর পৌরসভা কার্যালয়

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)

নগর সমন্বয় কমিটির (TLCC)'র সভার কার্য বিবরনী

সভার স্থান ঃ পৌরসভা কাঁলাচাদ সভাকক্ষ।	সভার তারিখ ঃ ২৪/১২/২০১৭ খ্রিঃ	সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।	সভাপতি ঃ **জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন** মেয়র, মেহেরপুর পৌরসভা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্য্য বিবরণী পাঠ ও অনুমোদন

বিগত সভার কার্যবিবরণী পাঠ	কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা	প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে)	সিদ্ধান্ত
১। কার্যবিবরণী পাঠ করেন জনাব, মোঃ তফিকুল আলম, সচিব, মেহেরপুর পৌরসভা	কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয় ও সদস্যদের মধ্যে বিতরণ করা হয়।	কোন সংশোধনীর প্রয়োজন নাই	সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরনী অনুমোদিত হয়।

আলোচ্যসূচী - ২ ঃ UGIIP-III এর আওতায় UGIAP বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

ক্ষেত্র - ১। নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)	পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
১.	ক) TLCC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা)	বিগত ২৯সেপ্টম্বর/২০১৭ খ্রীঃ তারিখ ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠিত হয়েছিল । -পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। -সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হয়।	পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা অনুযায়ী মেহেরপুর পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা করা চলমান রয়েছে। TLCC এর সদস্য সচিব ও অত্র পৌরসভার সচিব জনাব মোঃ তফিকুল আলম সভায় জানান যে সভায় ৫০ সদস্যের মধ্যে ৪৩ জন সদস্য উপস্থিত আছেন। মেয়র জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন বলেন সকল সদস্যগণকে উপস্থিত থেকে তাকে সার্বিক ভাবে সহযোগিতা করা জন্য অনুরোথ জানান। সে প্রেক্ষিতে তিনি সকল সদস্যগণকে পরবর্তী TLCC সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জনান।	আগামী ৩০ মার্চ/২০১৮ এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠান করা হবে । - TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য মেয়র মহোদয় সকলকে অনুরোধ জানান। -TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদের নিয়মিত উপস্থিত থাকার জন্য সভায় উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানান। -পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। -সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে ।	মেয়র/সচিব
২.	খ) WC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা)	আগামী মার্চ/২০১৮ এর মধ্যে ৯ টি ওয়ার্ডের ত্রৈমাসিক ভিত্তিতে WC মিটিং অনুষ্ঠান শেষ করে সচিবের নিকট জমা প্রদান করা হবে । -পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন	অদ্যকার সভায় জনাব মোঃ তফিকুল আলম, সচিব, মেহেরপুর পৌরসভা বলেন যে, পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা করার কাজ চলমান রাখা হয়েছে। অক্টোবর-ডিসেম্বর/২০১৭ইং এর ত্রৈমাসিকের WC সভা সম্পন্ন করা হয়েছে এবং কার্যাববরনী তৈরী করা হয়েছে। WC সভা থেকে আগত বিভিন্ন গুরুত্বপূর্ণ	আগামী ৩০মার্চ/২০১৮খ্রিঃ এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা অনুষ্ঠান করা হবে । -পরবর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে । সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO	পৌর সচিব/সদস্য সচিব WC

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)	পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
		অগ্রগতি পর্যালোচনা করা হয়েছে। সভার কার্যবিবরণী তৈরী করে সদস্যদের মাঝে যথাসময়ে বিতরণ করা হয়েছে ।	সমস্যগুলো সমাধানের জন্য TLCC এর সদস্য দের মধ্যে আলোচনা করেন। তিনি আরও বলেন বিগত সভার কার্যবিবরনী তৈরী করে সভার ৭ দিন পূর্বে সকল সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং কার্যবিবরনী ০৫/০১/১৮ইং তারিখের মধ্যে PMO তে প্রেরন করা হবে।	তে প্রেরন করা হবে । বিভিন্ন ওয়র্ডের WC এর সভা থেকে চিহ্নিত সমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। -পরবর্তী কোয়াটারে WC এর সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করা এবং প্রতিটি ওয়ার্ডের নির্দিষ্ট স্থানে মিটিং এর স্থান নির্ধারন করে WC এর সভা ৩০/০৩/২০১৮ইং তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য মেয়র মহোদয় সন্মানীত কাউন্সিলর বৃন্দকে অনুরোধ করেন	
৩.	গ) নাগরিক সনদ (CC) তৈরী / প্রয়োজনীয় সংশোধন ও পরিবর্তন করা। পরিবর্তন সংযোজন পূর্বক TLCC কর্তৃক অনুমোদিত ও পৌরসভা অফিসে প্রদর্শন করা।	-মেহেরপুর পৌরসভায় নাগরিক সনদ প্রদর্শিত আছে। নির্দেশনা অনুযায়ী উহা সংশোধন ও সংযোজন করা হয়েছে। সিটিজেন চার্টার বুকলেট আকারে প্রকাশ করা হয়েছে এবং উহা PMO, মন্ত্রণালয়, সকল পৌরসভা, স্থানীয় গুরুত্বপূর্ণ সকল অফিস এবং বিশিষ্ট্য ব্যাক্তি বর্গকে প্রদান করা হয়েছে এবং প্রদান করা অব্যাহত আছে। সিটিজেন চার্টার স্থানীয় পত্রিকায় প্রকাশ করা হয়েছে। এছাড়া নতুন করে পৌরসভার গুরুত্বপূর্ণ দুটি জায়গায় সিটিজেন চার্টার প্রদর্শন করা হয়েছে।	-মেহেরপুর পৌরসভায় নাগরিক সনদ প্রদর্শিত আছে। নির্দেশনা অনুযায়ী উহা সংশোধন ও সংযোজন করা হয়েছে। সিটিজেন চার্টার বুকলেট আকারে প্রকাশ করা হয়েছে এবং উহা PMO, মন্ত্রণালয়, সকল পৌরসভা, স্থানীয় গুরুত্বপূর্ণ সকল অফিস এবং বিশিষ্ঠ ব্যাক্তি বর্গকে প্রদান করা হয়েছে এবং প্রদান করা অব্যাহত আছে। সিটিজেন চার্টার স্থানীয় পত্রিকায় প্রকাশ করা হযেছে। সংশোধিত সিটিজেন চার্টারটি নতুন করে পৌরসভার গুরুত্বপূর্ণ দুটি জায়গায় প্রদর্শন করা হয়েছে।	গত সভায় TLCC সদস্য এবং কাউন্সিলর জনাব মোঃ শাহিনুর রহমান কাউন্সিলর নাগরিক সনদ পৌরসভা ছাড়াও গুরুত্বপূর্ণ আরোও দুটি স্থানে প্রদর্শন করায় সন্তুষ্টি প্রকাশ করেন। চলতি সভাতেও উপস্থিত সকলে পৌরসভার দুটি জায়গায় সিটিজেন চার্টার প্রদর্শন করায় সন্তোষ্টি প্রকাশ করেন। সকলে মতামত ব্যক্ত করেন পৌরসভার প্রতিটি ওয়ার্ডে পর্যায়ক্রমে সিটিজেন চার্টার স্থাপন করলে জনগণ আরোও উপকৃত হবে।	মেয়র ও সচিব
৪.	ঘ) তথ্য ও অভিযোগ প্রতিকার (সেল গঠন ও কার্যকর রাখা)	যে সকল অভিযোগ পাওয়া গিয়েছে তা যথারীতি নথিভূক্ত করা হয়েছে ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রাপ্ত অভিযোগ সমুহ কমিটির মাধ্যমে নিস্পত্তি করা হয়েছে এবং কার্যক্রম চলমান রাখা হবে। সকল অভিযোগ নিস্পত্তির সময় উভয় পক্ষকে উপস্থিত রাখা এবং সিদ্ধান্ত লিখিত ভাবে উভয় পক্ষকে অবহিত করা হয়েছে। প্রাপ্ত অভিযোগ/সমাধানকৃত অভিযোগসমুহের বিবরণ TLCC এর	অদ্যবধি পর্যন্ত ৯টি ওয়ার্ড থেকে মোট ২০টি লিখিত ও মৌখিক অভিযোগ পাওয়া গিয়েছে। প্রাপ্ত অভিযোগের মধ্যে অক্টোবর-ডিসেম্বর/২০১৭ইং কোয়াটারে ৩ (তিন) মাসে প্রাপ্ত সবগুলো অভিযোগই নিস্পত্তি হয়েছে। TLCC এর সদস্য সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর, জনাব হামিদ বলেন, অভিযোগ বক্সটি বর্তমানে নিয়মিতভাবে খোলা হচ্ছে এবং এই কার্যক্রম সচল রাখার ব্যাপারে দৃষ্টি দেওয়ার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।	বর্তমান তথ্য ও অভিযোগ সেলের প্রথম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতি সপ্তাহের বৃহস্পতিবার Grievance Redress Cell (GRC) এর সভাপতি ও একজন TLCC এর সদস্যের উপস্থিতিতে অভিযোগ বক্সটি নিয়মিতভাবে খোলা হচ্ছে। সভায় উপস্থিত সকল সদস্য মতামত দেন যে, প্রতি সপ্তাহে প্রাপ্ত সকল অভিযোগ নথিভূক্ত করতে হবে এবং সকল অভিযোগ নিস্পত্তি করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করেন।	মেয়র,গণযোগাযোগ সেলের সভাপতিও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)	পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
		সভায় আলোচনা করা হলো।			

ক্ষেত্র - ২ । নগর পরিকল্পনা (Urban Planning)

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)	পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
৫.	ক) পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন	WC এর সভায় পূর্বের গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন হয়েছে। WC এর সভায় আরো নতুন কিছু প্রকল্প গ্রহন করা হয়েছে। গৃহিত প্রকল্প সমূহ বাস্তবসম্মত হওয়ায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করে PDP তে অন্তর্ভুক্ত করা হয়।	গত সভার PDPতে আরও নতুন ৫১টি প্রকল্প অন্তভূক্তির বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছিল। তার প্রেক্ষিতে ৫১ টি প্রকল্প PDPতে ও পৌরসভার ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব নূরুল আশরাফ রাজিব মোতাবেক ৭নং ওয়ার্ডের ৭৫০ মিটার রাস্তা PDPতে অন্তভূক্ত করা হয়েছে। তাই রাস্তাটি PDP তে অর্ন্তভূক্ত করে রাস্তাটির উন্নয়নের ক্ষেত্রে আর কোন বাধা থাকলো না।	প্রকল্পের শর্ত মোতাবেক PDPতে প্রকল্প অন্তভুক্তির বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হলো এবং সর্বসম্মতিক্রমে ৫১টি প্রকল্প PDPতে অন্তর্ভূক্তির বিষয়টি গৃহিত হলো।	মেয়র/নির্বাহী প্রকৌশলী
৬.	খ) উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন	ত্রৈ-মাসিক ভিত্তিতে নগর পরিকল্পনা ইউনিটের পূর্বের সভায় সিদ্ধান্ত গৃহিত সকল সিদ্ধান্ত সঠিক ভাবে বাস্তবায়িত হয়েছে। গত কোয়াটারে কোয়ার্টারে যে সকল ভবন অনুমোদন হয়েছে এই কাজগুলি সঠিকভাবে তদারকি করতে হবে।	নগর পরিকল্পনা ইউনিটের ত্রৈমাসিক সভায় ভবন নির্মান অনুমোদন, তদারকি করা, ঝুঁকিপুর্ণ ভবন চিহ্নিতকরন, খাস জমি, নদীনালার অবৈধ ভরাট, ভবন মালিকদের নির্মান সমাপনী প্রতিবেদন নেওয়ার বিষয়ে আলোচনা হয়। পৌরসভার সহকারী প্রকৌশলী জানান যে ,অক্টোবর-ডিসেম্বর এই কোয়াটারে ২৩ টি বাড়ীর প্লান অনুমোদন দেওয়া হয়েছে। বাড়ী নির্মানকারীগন যাতে সঠিকভাবে পৌরসভা হতে অনুমোদনকৃত ডিজাইন মোতাবেক বাড়ী নির্মান করেন সে ব্যাপারে পৌরসভার ততপরতা বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে TLCC র সদস্য ও কাউন্সিলর জনাব আপলপনা খাতুন বলেন পৌরসভার উন্নয়ন কার্যক্রম তদারকি করার জন্য TLCC সদস্যদের দায়িত্ব পালন করতে হবে। তারা পৌরসভার উন্নয়নের কাজের অংশ হিসাবে এ দায়িত্ব পালন করবেন। তার এই প্রস্তাবের প্রেক্ষিতে অবকাঠামো কাজের মান ঠিক রাখার জন্য মেয়র মহোদয় TLCC সকল সদস্যদের উন্নয়ন কাজ তদারকী করার জন্য বিশেষভাবে অনুরোধ জানান।	ভবন নির্মান অনুমোদন সহ ভৌত কাজের গুনগত মান যাতে সঠিক থাকে এ ব্যাপারে মেয়র মহোদয় পৌরসভার সহকারী প্রকৌশলী সহ TLCC সকল সদস্যদের বিশেষভাবে অনুরোধ করেন। উন্নয়ন মূলক কাজ নিয়মিতভাবে তত্ত্বাবধান ও তদারকীর কাজ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র/সচিব/নির্বাহী প্রকৌশলী
৭.	গ) বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন	২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী বার্ষিক O&M পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।	২০১৭-২০১৮ অর্থ বছরের পৌরসভার রাজস্ব বাজেটে O&M ১,০৯,৬০,০০০/- টাকা বরাদ্ধ রাখা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ২০১৭-২০১৮অর্থবছরের জন্য O&M কর্মপরিকল্পনার আওতায় পাঁকা রাস্তা মেরামত ও সংস্কার, কাঁচা রাস্ড়া মেরামত ও সংস্কার, ড্রেন মেরামত ও সংস্কার, অফিস সরঞ্জামাদি, পাম্প স্টেশন, জালানী, যানবাহন ইত্যাদি বাবদ এই অর্থ ব্যয় করা হবে। O&M খাতে ২০১৭-২০১৮ অর্থ বছরে মোট বাজেট=৭৮,৭১,২১২/- টাকা। চলতি কোয়াটারে অক্টোবর-ডিসেম্বর/২০১৭ কোয়াটারে ব্যয় হয়েছে =১,৭৮,২০০/- টাকা।	২০১৭-২০১৮ অর্থবছরের O&M বাজেট অনুসারে সকল উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। সেই মোতাবেক মেয়র মহোদয় নির্বাহী প্রকৌশলীকে কর্মপরিকল্পনা করার অনুরোধ করা হলো ।	নির্বাহী প্রকৌশলী/ হিসাব শাখা

ক্ষেত্র ৩। নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ (Equity and Inclusiveness of Women and Urban Poor)

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)	পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
৮.	ক) জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	- GAP বাস্তবায়নের জন্য বার্ষিক বাজেট ২০১৭-২০১৮ অর্থ বছরে ৫% বেশী ধরে মোট ৯,২৮,৭৩৮/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। অক্টোবর-ডিসেম্বর/২০১৭ ইং কোয়াটারে GAP বাস্তায়নের জন্য পৌর তহবিল ও প্রকল্পের সহায়তায় দারিদ্র নারীদের কম্পিউটার প্রশিক্ষণ, উঠান বৈঠক, মহিলা শ্রমিক নিয়োগ করে প্রকল্পের অবকাঠামো নির্মাণ, শ্রমিক দের বিশেষ করে মহিলা শ্রমিকদের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান ও লিফলেট বিতরন।	-নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব খন্দকার জাহিদুল হক বলেন, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত আয়োজন করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করার কাজ চলমান রাখা হয়েছে। -নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব খন্দকার জাহিদুল হক বলেন তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পে নির্মান কাজে মহিলা শ্রমিকের অংশগ্রহন নিশ্চিত করা সহ সমস্ত শ্রমিকদের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান এবং লিফলেট বিতরন অব্যাহত আছে। - দারিদ্র ৩০ জন নারীদের কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। তিনি আরও জানান যে,প্রকল্পের নিদের্শনা মোতাবেক আগামী ২৬ ডিসেম্বর বেগম রোকেয়ার স্বরনে র‍্যালি ও আলোচনা সভা করা হবে। - GAP বাস্তবায়নের মাসিক/ ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রস্তুতপূর্বক নিয়মিত PMO'তে প্রেরণের কাজ চলমান রয়েছে। - GAP বাস্তবায়নের জন্য পৌরসভার বার্ষিক বাজেট ২০১৭-২০১৮ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ ত্রৈমাসিক বিভাজন করে PMO'তে প্রেরণ করা হয়েছে।	- নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে প্রণীত জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রশিক্ষন, মাসিক সভা ও উঠান বৈঠক অনুষ্ঠান নিয়মিত চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। - নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা হামিদা জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে চলতি অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে উক্ত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় - চলতি কোয়াটারে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির নেতৃত্বে সচেতনতামূলক ষান্মাসিক র‍্যালী ডিসেম্বর'২০১৭ উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। র‍্যালীটি মহিয়সি নারী বেগম রোকেয়া স্বরণে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। র‍্যালী শেষে অলোচনা সভার আয়োজন করা হবে।	চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ও পৌর পরিষদ।
৯.	খ) দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯	দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনার রুপরেখা বাস্তবায়নের জন্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা হয়েছে। দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সাচিবিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হক বলেন দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রকল্প অফিস থেকে অনুমোদন পাওয়া ৬টি বস্তির কমিউনিটি এ্যাকশন প্ল্যান (CAP) ইতি মধ্যেসম্পন্ন হয়েছে এবং CAP	- দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সহযোগী সদস্য জনাব খন্দকার জাহিদুল হক বলেন উক্ত কমিটির মাসিক সভা নিয়মিত করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করা হয়। সেই সাথে অনুমোদিত বস্তিতে গঠিত বস্তি উন্নয়ন কমিটির সভা নিয়মিত করা হয়। -TLCC এর সম্মানিত সদস্য ও ৬ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ শাহিনুর রহমান সভায় বলেন, তার ৬ নং ওয়ার্ডে অনেক দারিদ্র জনগোষ্ঠি বিদ্যমান। কিন্তু সেখানে বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে না। তিনি প্রস্তাবনা দেন এরূপ অনেক এলাকায় পৌরসভা অথবা অন্য কোন ভাবে অর্থের সংস্থান করে বস্তি উন্নয়ন কার্যক্রম পরিচালনার। -TLCC এর সম্মানিত সদস্য এবং দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির সদস্য জনাবা মোছাঃ শিউলী আক্তার বলেন মেহেরপুর পৌরসভায় ৬টি এলাকা প্রকল্প হতে অনুমোদন দেওয়া হয়েছে যেখানে	-পৌর এলাকার বস্তি সমূহের আর্থসামাজিক উন্নয়নের জন্য বিভিন্ন কর্মমূখী প্রশিক্ষন সহায়তা করার লক্ষ্যে বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। - দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত বস্তিসমূহের মধ্যে বস্তি উন্নয়ন কমিটির সভা নিয়মিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। -চিহ্নিত বস্তি সমূহের মধ্যে বস্তি উন্নয়ন কমিটির মাধ্যমে বস্তিসমূহে বিভিন্ন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত হয় - দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভায় সংশ্লিষ্ঠ ওয়ার্ড ও সংরক্ষিত নারী কাউন্সিলর গনের উপস্থিত থাকার সিদ্ধান্ত হয়।	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি এবং পৌর পরিষদ

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)	পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
	এর ৫৫ ধারা।)	গুলি PMO প্রেরণ করা হয়েছে। CAP গুলি বর্তমানে PMO তে যাচাই বাছাই এর কাজ চলছে। আশা করা যায় আগামী ১-২ মাসের মধ্যে উহার অনুমোদন পাওয়া যাবে। অনুমোদন পাওয়া সাপেক্ষে বস্তি উন্নয়ন কার্যক্রম শুরু করা হবে।	উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়ন হবে। কিন্তু যে সমস্ত এলাকায় এই কার্যক্রম হবে না সেখানে অল্প পরিমানেহলেও বরাদ্দ রেখে জরুরী সেবা যেমন পানি, স্যানিটেশ, ডাষ্টবিন ইত্যাদি নির্মাণ করা যায় কিনা।	দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কার্যক্রমে মেয়র মহোদয়সহ সংশ্লিষ্ঠ ওয়ার্ড ও নারী কাউন্সিলর গণ সম্পৃক্ত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনার রুপরেখা বাস্তবায়নের জন্য দরিদ্রদের স্বাবলম্বি করে গড়ে তোলার জন্য বিভিন্ন প্রশিক্ষনের প্রয়োজনীয়তা বিবেচনা করে এবং সে অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। কমিউনিটি এ্যাকশন প্ল্যান (CAP) PMO তে প্রেরন পরবর্তি তার বিষয়ে PMO কর্তৃক সিদ্ধান্ত মনিটরিং এর সিদ্ধান্ত গৃহীত হয়।	
১০	গ)বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য CAP প্রস্তুত প্রসংগে।	PMO হতে নির্দেশনা অনুযায়ী বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য CAP প্রস্তুত করার কাজ ইতি মধ্যে শেষ হয়েছে। অনুমোদিত ৬ টি বস্তিতে ফুট পাথ, ড্রেন, পায়খানা, টিউবওয়েল, ডাষ্টবিন ও ষ্টিটলাইট নির্মান করার জন্য পাঁচ কোটির অধিক পরিমান টাকার প্রস্তাবনা PMO তে প্রেরণ করা হয়েছে। এছাড়া নির্দেশনা মোতাবেক CAP প্রস্তুতকরা হয়েছে।	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা মোছাঃ আলপনা বেগম সভাকে জানান যে, পৌর এলাকার ৬টি বস্তিতে উন্নয়নমূলক কাজ করার জন্য প্রকল্পের নির্দেশনা মোতাবেক ইতি মধ্যে কমিউনিটি এ্যাকশন প্ল্যান (CAP) প্রস্তুত করে PMO তে প্রেরণ করা হয়েছে। তিনি বলেন CAP প্রস্তুত করার জন্য মেহেরপুর পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা, প্রকল্পের কর্মকর্তা ও কমিউনিটি ফিল্ড ওয়ার্কার দির্ঘ দুই মাসের অধিক পরিশ্রম করে গেছেন। এছাড়া মেয়র মহোদয়ের সার্বিক সহায়তায় এবং কাউন্সিলর মহোদয় গণের সহযোগিতায় সুন্দর ভাবে CAP প্রস্তুত শেষ করে PMO তে প্রেরণ করা সম্ভব হয়েছে। তিনি আশা প্রকাশ করেন, বস্তিতে বস্তি উন্নয়ন কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে সম্পন্ন হবে। এছাড়া মেহেরপুর পৌরসভায় SIC র সভা নিয়মিত ভাবে করা হচ্ছে।	প্রকল্প কার্যক্রম নির্দেশনা মোতাবেক গঠিত বস্তি উন্নয়ন কমিটি (SIC) এর মাসিক সভা অনুষ্ঠিত হয় এবং পিএমও' তে প্রেরন করা হচ্ছে। বস্তিতে দ্রুত উন্নয়নমূলক কার্যক্রম শুরু করার জন্য CAP প্রস্তুত করার কাজ শেষ করে ইতি মধ্যে PMO তে প্রেরণ করা হয়েছে। অচিরেই PMO হতে অনুমোদ পাওয়া যাবে বলে আশা করা যায়।বস্তি উন্নয়ন কার্যক্রমের অনুমোদন পেলেই সকলের সহযোগিতায় উন্নয়নমূলক কার্যক্রম সম্পন্ন করা হবে।	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা

ক্ষেত্র - ৪। স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি (Enhancement of Local Resource Mobilization)

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)	পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
১১.	ক) হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ	প্রকল্পের শর্ত অনুযায়ী ৯০% কর আদায়ের জন্য টিম গঠন, মাইকিং ক্যাম্পেইন প্রগ্রামের মাধ্যমে কর আদায় অব্যাহত রাখার ব্যপারে সিদ্ধান্ত গ্রহন	পৌর সভার ২০১৭-২০১৮ অর্থ বছরের সরকারী ও বেসরকারী পৌরকরের মোট দাবী =১,৭৬,৮৯,৯৪৪/-টাকা। এই দাবির বিপরীতে অক্টোবর-ডিসেম্বর/২০১৭ পর্যন্ত মোট আদায়=৪৪,৭৫,৩৯৫/-টাকা এবং আদায়ের হার ৩৮.৪৫%। TLCC এর সদস্য ও কাউন্সিলর জনাব মোঃ শাহিনুর	আদর্শ কর তফশীল ২০১৪ অনুযায়ী নতুন ও সম্প্রসারিত ভবনের অন্তবর্তী কর নির্ধারন কার্যক্রম চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বকেয়া ও চলতি পৌরকর ১০০% আদায়ের লক্ষে	সচিব /ট্যাক্স শাখা

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)	পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
		করা হয় । মেয়র বলেন বড় বড় কর খেলাপিদের তালিকা তৈরী করে বকেয়া কর আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	রহমান ও প্যানেল মেয়র, বলেন চলতি অর্থবছরে পৌর কর আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন জরুরী। কর আদায়ে ব্যর্থ হলে প্রকল্পের ক্ষতি হতে পারে। তাই এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তিনি মেয়র মহোদয়কে অনুরোধ করেন। চলতি কোয়াটারে মোট =১৬,৪০০/- টাকার ১১টি অর্ন্তবর্তীকালীন কর নির্ধারন করা হয়েছে।	গত কোয়াটারে হোল্ডিং মালিকদের প্রতি নোটিশ জারী করা হয়েছে। এছাড়া সংশ্লিষ্ট কর আদায়কারী, কাউন্সিলর এবং TLCC এর সম্মানিত সদস্যদের সমন্বয়ে কর আদায় টিম গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বকেয়া ও চলতি পৌরকর ১০০% আদায়ের লক্ষ্যে উক্ত টিমের মাধ্যমে প্রতিটি ওয়ার্ডের গুরুত্বপূর্ণ মহল্লায় ক্যাম্পেপেইনিং এবং মাইকিং করে পৌর কর আদয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সম্মানিত সভাপতি ও মেয়র মহোদয় বলেন চলমান আদায়ের লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় জোরদার করার জন্য পৌর পরিষদ এবং TLCC এর সকল সদস্যদেরকে তাদের উপর অর্পিত দায়ীত্ব যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ জানান। সভার সম্মানিত সভাপতি ও মেয়র মহোদয় আরও বলেন, কর শাখার সকল আদায়কারীকে চলমান ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মপরিকল্পনা তৈরী করে কর্মপরিকল্পনা অনুযায়ী পৌর কর আদায়ের কার্যক্রম চালানোর জন্য নির্দেশ দেন। সভায় কর আদায়ের অগ্রগতি মাসের শেষে সচিবের মাধ্যমে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	
১২.	খ) পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ হোল্ডিং ট্যাক্স ব্যাতীত)	‘কর-বহির্ভূত রাজস্ব’ আদায় বৃদ্ধির জন্য পৌর সুপার মার্কেটের দোকান ভাড়া ও জামানত বর্তমান সময়ের সাথে সংগতি রেখে ভাড়া ও জামানত নির্ধারন ও প্রকৃত ব্যবসায়ীদের দোকান বরাদ্ধ দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বর্তমানে যে সব দোকান ভাড়া বকেয়া আছে তা আদায়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত।	পৌরসভার আওতায় মোট ৪৫৮ টি নিজস্ব দোকান ঘর আছে। দোকান ঘর ভাড়া বাবদ ২০১৭-২০১৮ অর্থ বছরে দাবী (বকেয়া ও চলতি)=৩৪,৫৩,৪৩৫/- টাকা। অক্টোবর ২০১৭ হতে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত দোকান ঘর ভাড়া বাবদ মোট আদায় হয়েছে =৯,১৪,৫৯০/- টাকা। আদায়ের হার=৪৩.৪৭% । ২০১৭-২০১৮ অর্থ বছরে মোট ট্রেড লাইসেন্স এর সংখ্যা ১৮৬১ টি। ট্রেড লাইসেন্স আদায়ের মোট দাবী =২৪,২৪,১৮৪/- টাকা । অক্টোরব/২০১৭ হতে ডিসেম্বর-২০১৭ পর্যন্ত ৪৬৭টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয়। আদায়কৃত টাকার পরিমাণ =৫,৪৫,৭০০/- টাকা আদায়ের হার ৫৮.৫৪ । সেপ্টেম্বর/২০১৭ হতে ডিসেম্বর-২০১৭ পর্যন্ত ২১টি বিশুদ্ধ খাদ্য লাইসেন্স বাবদ =৬৫০০/-(চার হাজার পাঁচশত) টাকা ও অযান্ত্রিক যানবাহন বাবদ ২০১৭-১৮ অর্থ বছরের অক্টোবর ২০১৭ হতে ডিসেম্বর ২০১৭ কোয়াটারে ২৯৩টি লাইসেন্স প্রদান কর হয়েছে এবং আদায় হয়েছে =৮৯,৩৪৭/- টাকা। ঠিকাদারী টেড্র লাইসেন্স অক্টোবর/২০১৭ হতে ডিসেম্বর-২০১৭ পর্যন্ত মোট ১৭টি প্রদান করা হয়েছে। যার বিপরীতে =৩০৫৭৫/-(ত্রিশ হাজার পাঁচশত পচাত্তর) টাকা আদায় হয়েছে। কর-	সভায় মেয়র মহোদয় উপস্থিত সকল সদস্যদের সাথে আলোচনা করে পৌরসভার মালিকানাধিন দোকানের ভাড়া আদায়ের জন্য পৌরসভার সচিবকে কমিটি গঠনের নির্দেশ দেন এবং উভয় কাজের অগ্রগতির প্রতিবেদন পরবর্তী টিএলসিসি সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। বাজার মূল্যের সাথে সামঞ্জস্য রেখে দোকান ভাড়া বৃদ্ধিসহ বকেয়া ও চলতি দোকান ভাড়া আদায়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব/ সাধারন শাখা/লাইসেন্স শাখা

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)	পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
			বহির্ভূত রাজস্ব আদায় বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়।		
১৩.	গ) কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন	আগামী অর্থ বছরেও মেহেরপুর পৌরসভার কম্পিউটারাইজড হোল্ডিং ট্যাক্স বিল জারির কার্যক্রম চলমান রাখা রয়েছে এবং গ্রাহকের বাড়ি বাড়ি বিল যথাসময়ে পৌছানোর কাজ চলমান রাখা হয়েছে । -মাসিক ভিত্তিতে ট্যাক্স প্রতিবেদন প্রস্তুত করে মেয়র মহোয়ের নিকট উপস্থাপন ও PMO তে পেরণ করা হয়েছে ।	কম্পিউটারাইজড হোল্ডিং ট্যাক্স বিল জারির কার্যক্রম চলমান রয়েছে। ত্রৈমাসিকের বিল প্রিন্ট করে গ্রাহকের বাড়ি বাড়ি গিয়ে বিল যথাসময়ে পৌছে দেওয়া হচ্ছে। TLCC এর সম্মানিত সদস্য ও পৌর কাউন্সিলর ও কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি জনাব সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পি পৌর কর আদায়ের হার যাতে ৯০% এর উপরে হয় এবং এই ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট কর আদায়কারী কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায় কমিটির সকল সদস্যদের বিষেশভাবে অনুরোধ জানান।	- কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার প্রবর্তণ এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ চলমান থাকবে। নতুন রেট অনুযায়ী কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ড় হয়। প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। কম্পিউটারাইজড বিল প্রিন্টের কপি প্রকল্প সদর দপ্তরে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। বাৎসরিক কর্মপরিকল্পনা করে কর আদায় বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	**ট্যাক্স কালেক্টর**
১৪.	ঘ) পানির বিল নির্ধারণ ও সংগ্রহ	পানির বিল আদায় বৃদ্ধির লক্ষ্যে মাইকিং, প্রচারণা করাসহ TLCC ও WC এর সভায় নিয়মিত আলোচনা করার সিদ্ধান্ত নেওয়া হয়। পানির বিল পরিশোধ না করলে পানির সংযোগ বিচ্ছিন্ন করণসহ সকল ধরণের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এই ধারা অব্যহত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। -প্রতি ৩ মাস অন্তর অন্তর অগ্রগতি পর্যালোচনা করে প্রতিবেদন তৈরী করে মেয়র এর নিকট উপস্থাপন ও PMO তে প্রেরণ করা হয়েছে ।	মেহেরপুর পৌরসভায় অক্টোবর/২০১৭ হতে ডিসেম্বর/২০১৭ অর্থ বছরের পানি শাখার চলতি ও বকেয়া সহ মোট দাবীর পরিমান =৪৩,০১,৫৪৮/- টাকা। যার মধ্যে চলতি=১৪,১৫,২৮০/- বকেয়া=১৪,৪১,৯০৭/-অক্টোবর-ডিসেম্বর/১৭ ত্রৈমাসিকে ১২১৫০টি পানির বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়েছে। তিন মাসে মোট আদায়ের পরিমান চলতি ও বকেয়া =১৪,১৪,৭৫০/- (চৌদ্দ লক্ষ চৌদ্দ হাজার সাতশত পঞ্চাম) টাকা মাত্র। আদায়ের হার হার ৬৬.৪১%। পানির বিল আদায় অব্যহত রাখার জন্য মাইকিং করা, টিম গঠন করে পানির বিল আদায় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় আলোচনা করা হয়। পানি শাখার বিল ক্লার্ক জনাব মোঃ হাবিবুর রহমান বলেন সংযোগ বিচ্ছিন্নসহ গ্রাহকদের নিকট থেকে বকেয়া আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভাকে অনুরোধ জানান। বকেয়া পানির বিল আদায় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে বকেয়া পানির বিল আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ভারপ্রাপ্ত পানি সুপারকে অনুরোধ করা হয়।	- পৌরসভায় কোন কোন এলাকায় পানির সংযোগ লাইন না থাকায় এ ব্যাপারে TLCC এর সম্মানিত সদস্য ও সংরক্ষিত কাউন্সিলর জনাব নূরুর আশরাফ রাজিব বলেন, যেসব এলাকায় পানির সংযোগ লাইন নাই, সেসব এলাকায় নতুন করে পানির সংযোগ লাইন এর ব্যবস্থা গ্রহনসহ, পানির বিল আদায় বৃদ্ধির লক্ষ্যে মইকিং, প্রচারণা করাসহ একটি বাৎসরিক কর্মপরিকল্পনা তৈরী করে সে মোতাবেক আদায়ের অগ্রগতি TLCC ও WC এর সভায় নিয়মিত আলোচনা করার সিদ্ধান্ত নেওয়া হয়। পানির বিল পরিশোধ না করলে পানির সংযোগ বিচ্ছিন্ন করণসহ বকেয়া গ্রাহকের বাসার সামনে লাল পোষ্টার লাগানোসহ সকল ধরণের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এই ধারা অব্যহত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	ওয়াটার সুপার

ক্ষেত্র ৫। আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা (Financial Management, Accountability and Sustainability)

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)	পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
১৫.	ক) অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা আর্থিক কার্যক্রম পরিচালনা করা। (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	পৌরসভার নিজস্ব দোকান ঘরের ভাড়া ও জামানত বৃদ্ধিকরন প্রসংগে।	কর্মকর্তা/কর্মচারীদের জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী বেতন প্রায়ঃ দ্বিগুন হয়ে গেছে। পৌরসভার আয় বৃদ্ধি না করলে ব্যয় নির্বাহ করা সম্ভাব হয়ে উঠছে না। পৌরসভার নিজস্ব জায়গায় যে সব দোকান ঘর আছে তার ভাড়া ও জামানত প্রাইভেট মালিকদের তুলনায় অনেকাংশে কম। এমতাবস্থায় পৌরসভার নিজস্ব দোকান ঘর মালিকদের সহিত আলোচনা ক্রমে ভাড়া ও জামানত বৃদ্ধি করনের জন্য অত্র সভা মেয়র মহোদয়কে অনুরোধ করেন। সে আলোকে দোকান ঘরের গ্রাহক গনকে পৌরসভার সার্বিক অবস্থা অবহিত করা হয়। এ বিষয়ে মেয়র মহোদয়কে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়।	অত্র পৌরসভার নিজস্ব আয়ের উপর UGIIP-III প্রকল্পের নিদের্শনা অনুযায়ী বাজেট বৃদ্ধি করনের জন্য অত্র সভা মেয়র মহোদয়কে অনুরোধ জানান।	মেয়র,সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা
১৬.	খ) অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	২০১৬-১৭ অর্থ বছরের আভ্যন্তরিন নিরীক্ষা অগ্রগতি সম্পর্কে আলোচনা।	২০১৬-১৭ অর্থ বছরের ৯টি উত্থাপিত আপত্তির মধ্যে বিদ্যুৎ বিলের বকেয়া টাকা ,বিএমডিএফ-এর বকেয়া টাকা অতি শীঘ্র পরিশোধের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করা হলো। হোল্ডিং ট্যাক্স ,ঘর ভাড়া ,পানি কর আদায়ের হার বৃদ্ধির জন্য আরও তৎপর হাওয়ার জন্য মেয়র মহোদয়কে কার্য্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। আসবাবপত্রের অমুছনীয় কালী দ্বারা চিনি্হত করায় এবং ভ্যাট ও আয়করের টাকা সরকারী কোষাগারে জমা করায় প্রমানকের আলোকে আপত্তি ৩টি নিস্পত্তির করা হলো।	সভাপতি সাহেব মেয়র মহোদয়ের সাথে আলোচনা ক্রমে পৌরসভার যাবতীয় রাজস্ব আদায়ের কার্য্যকরী পদক্ষেপ গ্রহন করবেন।	মেয়র ,সচিব,হিসাব রক্ষন কর্মকর্তা,
১৭.	গ) কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন	কম্পিউটারাইজড হিসাব ব্যবস্থা চলমান রাখা হয়েছে । অক্টোবর-ডিসেম্বব/২০১৭ইং মাসের Receipts & Payments Posting সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন এবং PMO তে প্রেরণ করার সিদ্দান্ত গ্রহণ করা হয়েছে।	Receipts & Payments Posting সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা হয়েছে এবং ০৫/১/২০১৮ইং তারিখের মধ্যে PMO তে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা এবং PMO তে প্রেরণ করার কাজ চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	**হিসাব রক্ষণ কর্মকর্তা**
১৮.	ঘ) বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ	প্রকল্পের শর্তানুযায়ী নিয়মিত ভাবে বিদ্যুৎ বিল ও টেলিফোন বিল পরিশোধ করা হচ্ছে। ৩০ জুন/২০১৭ এর মধ্যে বিদ্যুৎ ও টেলিফোন বিলের ৯০% পরিশোধ করতে হবে। উক্ত বিষয়ে ৩০ জুন/২০১৭ এর মধ্যে পরিশোধের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। বিদ্যুৎ/টেলিফোন বিলসমুহ পরিশোধ করার জন্য ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক বাজেটে বরাদ্দ রাখা হয়েছে।	পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ডিসেম্বর/২০১৭ পর্যন্ত হাল ও বকেয়া সহ সর্বোমোট =৪১,৪০,৭৯৪/- টাকার বিদ্যুৎ বিল অপরিশোধিত আছে। শর্ত মোতাবেক ৯০% জুন/২০১৭ মধ্যে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। তিনি আরও জানান যে,টেলিফোন বিল ১০০% পরিশোধ করা হয়েছে।	মেয়র মহোদয় সভাকে অবহিত করেন যে, প্রকল্পের শর্ত মোতাবেক ৩০ জুন/২০১৭ এর মধ্যে বকেয়া বিলের ৯০% পরিশোধ করা হবে। প্রতিমাসে বিদ্যুৎ বিল প্রাপ্তি নিশ্চিত করে উক্ত বিল নিয়মিত পরিশোধ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বিদ্যুৎ ও টেলিফোন বিল চলমান পরবর্তী অর্থ বছরে নিয়মিত পরিশোধ করার কর্মপরিকল্পনা তৈরী করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র,সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)	পরর্বতী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
		বিদ্যুৎ ও টেলিফোন বিল পরবর্তী অর্থ বছরের নিয়মিত পরিশোধ করার কর্মপরিকল্পনা তৈরী করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।			
১৯.	ঙ) স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন	স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। স্থায়ী সম্পদের অবচয় হিসাব খোলা সিদ্ধান্ত গৃহিত হয় ।হয়েছে।	ইতোমধ্যে পৌরসভার স্থায়ী সম্পদের হালনাগাদ করা হয়েছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। স্থায়ী সম্পদের অবচয় হিসাব খোলা হয়েছে। হিসাব নং-পূর্বালী ব্যাংক চলতি হিসাব নং-২৯২৭-১।	স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং অবচয় হিসাব সঠিক ভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র/সচিব/ নগর পরিকল্পনাবিদ/প্রশাসনিক কর্মকর্তা
২০.	চ) সকল সরকারি ঋণ পরিশোধ করা	-BMDF নিকট থেকে =১,০৯,৪৬,৫১৫/- টাকা ঋণ গ্রহণ করা হয়েছিল। যার বিপরিতে =৯৯,৬৭,৬৪৫/- টাকা পরিশোধ করা হয়েছে।	BMDF নিকট থেকে =১,০৯,৪৬,৫১৫/- ঋণ গ্রহণ করা হয়েছিল। ২০১৭-২০১৮ অর্থ বছরে পরিশোধযোগ্য ঋণের পরিমাণ =১৪,১২,৬৯০/- টাকা । ২০১৭-১৮অর্থ বছরের মধ্যে উক্ত টাকা পরিশোধের ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। এর মধ্যে =৪,৩৪,৪১০/- টাকা দন্ড সুদ হিসাবে বকেয়া আছে।	প্রকল্পের শর্ত মোতাবেক BMDF এর ঋণ ৯০% এর উপরে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র,সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা

ক্ষেত্র ৬। প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency).

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা	পরর্বতী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
২১.	ক) স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	ডিসেম্বর/২০১৭ পর্যন্ত সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে ।	অত্র পৌরসভায় ১১টি স্থায়ী কমিটি আছে। উক্ত স্থায়ী কমিটির অক্টোবর-ডিসেম্বর/২০১৭ইং মাসের সকল সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠিত সভা সমূহের কার্যবিবরনীও তৈরী করা হয়েছে।	আগামী জানুয়ারী-মার্চ/২০১৮ইং কোয়ার্টারের সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে সম্পাদন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র ও সচিব/প্রশাসনিক কর্মকর্তা
২২.	গ) সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IT ব্যবহার	২০০৯খ্রিঃ হতে মেহেরপুর পৌরসভায় ট্রেড লাইসেন্স , পানির বিল, পৌর কর, হিসাবরক্ষণ ব্যবস্থাপনা সফটওয়ার পুরো-পুরি চালু রয়েছে। পৌরসভার যাবতীয় গুরুত্বপূর্ণ তথ্য ওয়েবসাইটে প্রত্যাহ	এই কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার চলমান আছে। চলতি মাসেই নতুন সফটওয়ার ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান করে এই সেবা সমূহগুলো আরো গতিশীল করা হবে। মেহেরপুর পৌরসভার ওয়েবসাইট খোলা আছে যার ঠিকানা www.meherpurmunicipality.com যে কেউ চাইলেই পৌর ওয়েব সাইটে প্রবেশ করে বিভিন্ন তথ্য জানতে পারবেন।	-অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন ও বিতরন একটি চলমান প্রক্রিয়া। -পৌরসভার সকাল কার্যক্রম কম্পিউটারাজড সিস্টেমের মাধ্যমে চলমান আছে।	মেয়র ও সচিব/প্রশাসনিক কর্মকর্তা

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা	পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
		হালনাগাদ করার জন্য পৌর তথ্য ও সেবা কেন্দ্রের উদ্যোক্তা জনাব মোঃ সানোয়ার হাসান'কে দায়িত্ব দেয়া হয়। জন্ম-মৃত্য সনদ কম্পিউটারে রেকর্ড রাখা এবং অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।		-পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করার কাজ চলমান রাখা হয়েছে। - সফটওয়ার ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান করে এই সেবা সমূহগুলো আরো গতিশীল করার সিদ্ধান্ড় গৃহীত হয়।	

ক্ষেত্র ৭। পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (Keeping Essential Pourashava Services Functional)

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)	পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
২৩.	ক) বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা	মেহেরপুর পৌরসভার ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বর্জ্য ব্যবস্থাপনার এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়েছে।	২০১৭-১৮ অর্থ বছরে মেহেরপুর পৌরসভার বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হয়েছে। পৌরসভার ৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ শাহিনুর রহমান ময়লা আবর্জনা পরিষ্কারের জন্য ওয়ার্ডে ওয়ার্ডে ভ্যান গাড়ি দেওয়ার প্রস্তাব করেন। এই বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সকলে তার এই সিদ্ধান্তকে স্বাগত জানান। মেহেরপুর পৌরসভায় নিয়মিত বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার জন্য ২০১৬-১৭ অর্থ বছরে ২০১৭-১৮ অর্থ বছরে বাজেট=৩৩,,৭০,০০০/- এবং অক্টোবর-ডিসেম্বর/২০১৭ কোয়াটারে ব্যয় হয়েছে =৮,৪২,৩০০/- টাকা।	বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে বর্জ্য সংগ্রহ ও অপসারণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন। এছাড়া সভায় ৬নং ওয়ার্ড কাউন্সিলরের প্রস্তাব দ্রুত বাস্তবায়নের জন্য মেয়র মহোদয়কে সকলে বিশেষভাবে অনুরোধ জানান।	মেয়র ও সচিব, নির্বাহী প্রকৌশলী
২৪.	খ) ড্রেন পরিষ্কার ও রক্ষণবেক্ষণ	মেহেরপুর পৌরসভার ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়েছে।	ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কার্যক্রম কর্ম পরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে । ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট=৫১,০৩০০০/- টাকা । অক্টোবর-ডিসেম্বর/২০১৭ কোয়াটারে মোট ব্যয় হয়েছে=১২,৬২,০৪০/-টাকা।	ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। কর্ম-পরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন। TLCC সদস্য ডঃ অলোক কুমাম দাস পৌরসভার ড্রেন পরিস্কার পরিচ্চনের ব্যাপারে সন্তোাষ্টি প্রকাশ করেন । সেই সাথে তিনি ড্রেনের সাথে যাদের সুয়ারেজ লাইন আছে সেই সকল লাইন অপসারনের জন্য মেয়র মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান। মেয়র মহোদয় এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন বলে সভাকে অব্যাহিত করেন।	মেয়র ও সচিব, নির্বাহী প্রকৌশলী
২৫.	গ) সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা	শতভাগ সড়ক বাতি নিশ্চিত করণে আগামী ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ এ	চলতি কোয়াটারে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জামাদিও মালামাল ক্রয় কর হয়েছে। বাতি পরিদর্শকের রির্পোটি অনুযায়ী স্থাপিত সড়ক বাতিগুলো সচল আছে। পৌরসভার ১০০% সড়ক বাতি কার্যকর রাখার নিমিত্তে ২০১৭-১৮ অর্থ বছরের =৪০,৪০০০০/- টাকার বাজেট বরাদ্দ আছে। অক্টোবর-	বর্তমানে পৌরসভায় ৯০ ভাগ এলাকায় বিদ্যুৎ লাইন কার্যকর আছে। বাকি এলাকাতেও পর্যায় ক্রমে সড়ক বাতি কার্যক্রর করা হবে। TLCC অধিকাংস্য সদস্য বর্তমানে সড়ক বাতি	মেয়র ও সচিব, নির্বাহী প্রকৌশলী

ক্রঃ নং	কর্মতৎপরতা	পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)	পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
		ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	ডিসেম্বর/২০১৭ কোয়াটারে ব্যয় হয়েঠে=১০,৭৪,৯৮০/-টাকা।	কার্যকর রাখার ব্যবস্থা কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	
২৬.	ঘ) অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারি করণ	অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা মোতাবেক প্রকৌশল বিভাগ কর্তৃক সরেজমিনে নিয়মিত পরিদর্শন করে যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা মোতাবেক মেরামত যোগ্য কার্যাদি সম্পন্নের জন্য পৌরসভার প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা হয়েছে যা; প্রকৌশল বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়ন করা হচ্ছে। অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট=৪,০০,০০০/-টাকা। অক্টোবর-ডিসেম্বর/২০১৭ কোয়াটারে ব্যয় হয়েছে =১,০৩০০০/-টাকা।	অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক সকল মেরামত যোগ্য কার্যাদি বাস্তবায়নে Mobile Maintenance Team কর্তৃক নিয়মিত পরিদর্শন এবং মেহেরপুর পৌরসভার ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারি করণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	মেয়র ও সচিব, নির্বাহী প্রকৌশলী
২৭.	ঙ) পৌরসভার প্রস্তাবিত কম্পোস্ট প্লান তৈরী বিষয়ে আলোচনা।	১০০% স্যানিটেশন নিশ্চিত করণের জন্য স্যানিটেশন কার্যক্রমের অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	UGIIP-111 প্রকল্পের নির্দেশনা মোতাবেক পৌরসভার প্রস্তাবিত কম্পোস্ট প্লান তৈরী বিষয়ে সভায় আলোচনা হলো। সভায় নির্বাহী প্রকৌশলী জানান যে,মেহেরপুর পৌরসভা কর্তৃক প্রস্তাবিত ৩.০১ একর জমি অধিগ্রহন কার্যক্রম সম্পপূর্ন হয়েছে। কম্পোষ্ট প্লান উন্নতির জন্য ইতিমধ্যেই =২,৬২,৭১,৪১৪.৪১/- টাকার ট্রেন্ডার আহ্বান করা হয়েছে। ট্রেন্ডার কার্যক্রম সমাপ্তি হলেই কম্পোষ্ট প্লানের উন্নয়ন কাজ শুরু হবে।	প্রকল্পের নির্দেশনা মোতাবেক কম্পোস্ট প্লানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয় পৌরসভার নির্বাহী প্রকৌশলীকে নির্দেশ দেন।	মেয়র, নির্বাহী প্রকৌশলী
২৮	ক) স্যানিটেশন কার্যক্রম অব্যহত আছে	মেহেরপুর পৌরসভার ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ স্যানিটেন ব্যবস্থাপনার এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়েছে।	স্যানিটেশন ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। মেহেরপুর পৌরসভার নিয়মিত স্যানিটেশন কার্য্যক্রম পরিচালনার জন্য ২০১৭-১৮ অর্থ বছরে বাজেট=৭,০০,০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। অক্টোবর-ডিসেম্বর/২০১৭ কোয়াটারে ব্যয় হয়েছে=১,৭২,৩০০/-টাকা।	মেহেরপুর স্যানিটেশন ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে মেহেরপুর পৌরসভার স্যানিটেশন কাজের প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	মেয়র ও সচিব, নির্বাহী প্রকৌশলী

আলোচ্যসূচী - ৩ ঃ বিবিধ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা	পরবর্তী সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নেরসময়-সূচীসহ)	দায়ীত্বপ্রাপ্ত ব্যাক্তি/কর্মকর্তা
১	পৌরসভার মালিকানাধীন মার্কেট গুলোর উন্নতি সাধন ও ভাড়া ও সেলামীর টাকা বৃদ্ধির বিষয়ে	পৌরসভার মালিকানাধীন মার্কেট গুলোর উন্নতি সাধন ও ভাড়া ও সেলামীর টাকা বৃদ্ধির বিষয়ে গত সভায় যে আলোচনা হয়ে ছিল তার কার্য্যক্রম অব্যাহত আছে।	পৌরসভার মেয়র মহোদয় পৌরসভার মালিকানাধীন মার্কেট গুলোর উন্নতি সাধন,দোকানের ভাড়া ও সেলামীর টাকা বৃদ্ধির ব্যাপারে গত সভায় প্রস্তাব করেন। তিনি জানান যে বর্তমান বাজারের সহিত সংগতি রেখে ভাড়া ও সেলামী নির্ধারন করার কার্যক্রম চলছে এবং খুব দ্রুতই বাস্তবায়ন হবে। তিনি আরও জানান যে,এই প্রস্তাব বাস্তবায়নের জন্য প্রতিটা মার্কেটের দোনকান ব্যবসায়ীদের সহিত আলোচনা চলছে। যত দ্রুত সম্ভাব এই কার্য্যক্রম শেষ করা হবে।	বর্তমান বাজারের সহিত সংগতি রেখে ভাড়া ও সেলামী নির্ধারন করা হবে। এ ব্যাপারে পরিষদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।	মেয়র/সচিব/পরিষদ/প্রকৌশল শাখা।

	আলোচনা।				
২	মশক নিধন বিষয়ে আলোচনা।	মশক নিধন বিষয়ে আলোচনা।	TLCC এর প্রায়ই সকল সদস্য মশা নিধন কার্যক্রম অব্যাহত রাখার জন্য মেয়র মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান। সকলে জানান যে, মশা যদি নিয়ন্ত্রেনে রাখা যায় তাহলে অনেক রোঘ থেকে মুক্তি পাওয়া যায়। । তাই সকল এলাকায় মশা নিধন কার্যক্রম জোর দার করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।	মশা নিধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয় তাৎক্ষনিক পৌরসভার সচিবকে নির্দেন দেন।	সচিব ও নির্বাহী প্রকৌশলী
৩	ডাস্টিবিন নির্মাণ প্রসংগে।	পৌরসভা এলাকায় আরোও ডাস্টবিন নির্মাণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।	TLCC এর সম্মানীত সদস্য জনাব চায়না খাতুন জানান যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক কিছু কিছু জায়গায় ডাস্টবিন তৈরী করা হয়েছে। পকেট রোডের মাথায় আরও কিছু ডাস্টবিন তৈরী করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান। ফলে মানুষ আর যেখানে সেখানে ময়লা আবর্জনা ফেলছে না । ইহাতে জনস্বাস্থ্যের উন্নতি ঘটছে। আরো কিছু এলাকায় ডাস্টবিন নির্মানের জন্য তিনি প্রস্তাব করেন।	সভার সিদ্ধান্ত মোতাবেক মেহেরপুর পৌরসভা এলাকায় ডাস্টবিন নির্মানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সর্বসম্মতিক্রমে মেয়র মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো।	পৌর পরিষদ ও প্রকৌশল বিভাগ।

স্বাক্ষরিত-
মোঃ মাহফুজুর রহমান রিটন
মেয়র
মেহেরপুর পৌরসভা।
মোবাইল নম্বরঃ ০১৭১৬-০৩৭৬৩৮
ফ্যাক্স নম্বরঃ ০৭৯১-৬২১৯৯।

স্মারক সংখ্যা/মেপৌ/সাধা/২০১৭/৭৭৮/(৫২) তারিখঃ ২৪/০১২/২০১৭খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলঃ

১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প
এলজিইডি ভবন,আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২। জনাব .... সদস্য, TLCC কমিটি, মেহেরপুর পৌরসভা।

৩। অফিস নথি।